ভোরের কাগজ

64

তারিখ ... ... DEC.-2 1999 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# চ.বি.তে শিবির-ছাত্রলীগ সংঘর্ষের পর রা.বি.তে সতর্কতামূলক ব্যবস্থা

রা.বি. প্রতিনিধি : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গত রোববার ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে ভয়াবহ বন্দুকযুদ্ধে দুজন নিহত হওয়ার পর গত সোমবার রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিল থমথমে। এ সময় ছাত্রছাত্রীদের মধ্যে আতঙ্ক লক্ষ্য করা গেছে। ছাত্রলীগ, ছাত্রফ্রন্টসহ বিভিন্ন প্রগতিশীল ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের ক্যাম্পাসে দেখা যায়নি। বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাস পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম যথারীতি সম্পন্ন হয়েছে। কারো কারো বিরুদ্ধে একাধিক মামলা এবং ক্যাম্পাসে মিছিল-সমাবেশসহ সকল প্রকার রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ থাকায় শিবির ক্যাডাররাও কোনো মিছিল-সমাবেশ করতে পারেনি। তবে দুপুরে ক্যাম্পাসে বেশ কিছু শিবিরকর্মী ও সমর্থককে একসঙ্গে ঘোরাফেরা করতে দেখা গেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রোববার রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের খবর পাওয়ার পর তাৎক্ষণিকভাবে ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে। সোমবার ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন ছিল। এদিকে চবিতে সংঘর্ষের পর সোমবার দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, প্রফেসর ওয়াজেদ আলী বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক আব্দুল মোতালিব এবং ছাত্র উপদেষ্টা ড. সারওয়ার জাহানকে নিয়ে এক জরুরি বৈঠক করেন। বৈঠকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ঘটনা নিয়ে আলোচনা করা হয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে তিনি তাদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

এ ব্যাপারে উপ-উপচার্য, ড. ওয়াজেদ আলী ভোরের কাগজকে জানান, আমরা যে কোনো মূল্যে রা.বি. ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে চাই। তিনি জোর দিয়ে বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ঘটনা যাতে এখানে কোনো প্রকার প্রভাব ফেলতে না পারে সে ব্যাপারে আমরা সতর্ক দৃষ্টি রাখছি। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।